# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৭১

তারিখঃ ০৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭১৯ তম কমিশন সভা অদ্য ১৮/০২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড এর প্রতিটি শেয়ার ১০ (দশ) টাকা ইস্যু মূল্যে ২,৬০,৭৯,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২৬,০৭,৯০,০০০ টাকা পুঁজি উত্তোলন করে ট্রেজারী বন্ডে ও অন্যান্য ক্ষেত্রে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুন:মূল্যায়ন সঞ্চিতিসহ) ১৮.৭২ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুন:মূল্যায়ন সঞ্চিতি ব্যতীত) ১৬.৬৫ টাকা এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ১.৪২ টাকা। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএএ ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, আইআইডিএফসি ক্যাপিটাল লিমিটেড এবং বিএলআই ক্যাপিটাল লিমিটেড। উল্লেখ্য যে, কমিশন আলোচ্য কোম্পানিটির প্রাথমিক গণ প্রস্তাবের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) বিধিমালা, ২০১৫ এর বিধি ৩(৩)(সি) এর বিধানাবলী পরিপালনের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি প্রদান এবং IPO এর মাধ্যমে উত্তোলিত মূলধনের ন্যূনতম ২০% (বিশ শতাংশ) অর্থ "বীমা (নন-লাইফ বীমাকারীর সম্পদ বিনিয়োগ ও সংরক্ষণ) প্রবিধানমালা, ২০১৯" এর বিধানাবলী পরিপালন সাপেক্ষে পুঁজিবাজারে বিনিয়োগ করার শর্ত আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও কোম্পানীটির সাধারণ শেয়ার ক্রয়ের জন্য ইলেকট্রনিক সাবস্ক্রিপশন সিস্টেম (ESS) –এ অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) কে ইলেকট্রনিক সাবস্ক্রিপশন সিস্টেম শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্যদিবস শেষে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজারমূল্যে ন্যূনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২. এএফসি এগ্রো বায়োটেক লিমিটেড এর ১০০ কোটি টাকার Fully Redeemable Non-convertible Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৫ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non Convertible, Fully redeemable, Unsecured, Unlisted, Zero Coupon Bond। বন্ডটি ০৫ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে এএফসি এগ্রো বায়োটেক লিমিটেড কোম্পানীর চলতি মূলধণ ও ব্যাংক লোন পরিশোধ করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ (দশ) লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে সিএপিএম এ্যাডভাইজরি লিমিটেড কাজ করছে।

৩. কমিশন বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড "LB Gratuity Opportunities Fund" এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৩(তিন) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ ১৭ (সতের) কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ (দশ) টাকা। ফান্ডটির উদ্যোক্তা লংকাবাংলা সিকিউরিটিজ লিমিটেড এমপ্লয়িজ গ্রাচ্যুইটি ফান্ড ট্রাস্ট এবং সম্পদ ব্যবস্থাপক লংকাবাংলা এ্যাসেট ম্যানেজমেন্ট কো: লি:। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।

৪. এছাড়াও, কমিশন অদ্যকার সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ব্যক্তিবর্গের মধ্য থেকে ০৬ (ছয়) জন ব্যক্তিকে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর স্বতন্ত্র পরিচালক (Independent Director) হিসেবে অনুমোদন প্রদান করেছে এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ব্যক্তিবর্গের মধ্য থেকে ০৭ (সাত) জন ব্যক্তিকে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর স্বতন্ত্র পরিচালক (Independent Director) হিসেবে অনুমোদন প্রদান করেছে।

১৮/০২/২০২০
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd